**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ নতুনদিল্লির ভারত মণ্ডপমে আয়োজিত অষ্টলক্ষ্মী মহোৎসবের প্রথম প্রযুক্তিগত অধিবেশনে ভাষণ দেন ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ত্রিপুরায় এখন সার্বিক ক্ষেত্রে উন্নয়নের কর্মযজ্ঞ চলছে।**

**(৩) কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জেপি নাড্ডা আজ ১০০ দিনের যক্ষ্মা নির্মূল অভিযানের সূচনা করেন ।**

**(৪) ৩৫দিনব্যাপী খেলো ধর্মনগর মেগা ক্রীড়া প্রতিযোগিতা আজ থেকে বি বি আই ময়দানে শুরু হয়েছে ।**

*******************************************

**Ashtalakshmi Mahotsav :**

কেন্দ্রীয় উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ নতুনদিল্লির ভারত মণ্ডপমে আয়োজিত অষ্টলক্ষ্মী মহোৎসবের প্রথম প্রযুক্তিগত অধিবেশনে ভাষণ দেন। তিনি "উন্নয়নের জন্য বিকশিত ভারতের লক্ষ্যে, অনুঘটক, উত্তর পূর্বের অগ্রগতি" বিষয়ে, মেঘালয়, সিকিম এবং ত্রিপুরার মুখ্যমন্ত্রীদের সঙ্গে আলোচনায় ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন যে বিশ্বের ভূ-রাজনৈতিক ব্যবস্থা বৈশ্বিক দক্ষিণের দিকে ঝুঁকছে এবং উত্তরপূর্বাঞ্চলের এই উন্নয়নে মূল অংশীদার হওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি বলেন কেন্দ্র উত্তরপূর্বাঞ্চলের প্রতিটি রাজ্যের

বৈশিষ্ট্যগুলির উন্নতিতে এবং পর্যটন থেকে শুরু করে কৃষি ও উদ্যানজাত পণ্য বিশ্বের কাছে উপস্থাপন করতে সহায়তা করছে।

তিনি প্রকৃত উন্নয়নের জন্য, রাজ্যগুলিকে এর অংশীদার হয়ে কেন্দ্র ও একে অপরের সঙ্গে আরও সহযোগিতা করার আহ্বান জানান। তিনি উল্লেখ করেন যে আগামী দিনে ত্রিপুরা এবং নতুনদিল্লিতে বিনিয়োগকারীদের শীর্ষ সম্মেলনের পাশাপাশি ভারত এবং বিশ্বজুড়ে রোডশোর মাধ্যমে এই অঞ্চলে শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ঘটবে। আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, ত্রিপুরা এখন শান্তিপূর্ণ রাজ্য। বর্তমানে ত্রিপুরায় সার্বিক ক্ষেত্রে উন্নয়নের কর্মযজ্ঞ চলছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ত্রিপুরায় বিমান পরিষেবা থেকে শুরু করে রেল পরিষেবা, ইন্টারনেট সর্বক্ষেত্রেই ত্রিপুরা উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে।

***************************

**Governor :**

সশস্ত্র বাহিনীর পতাকা দিবস উপলক্ষে আজ সকালে রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুকে পতাকা পরিয়ে দেন রাজ্য সৈনিক বোর্ডের অধিকর্তা অবসরপ্রাপ্ত ক্যাপটেন পরমজিৎ সিং। রাজ্যপাল সশস্ত্র বাহিনীর পতাকা দিবস তহবিলে অর্থদান করেন।

***************************

**Tourism Minister-Seminar :**

ইন্ডিয়ান বিল্ডিং কংগ্রেস রাজ্য শাখার উদ্যোগে আজ আগরতলার সুকান্ত একাডেমিতে "ভারতের উত্তর পূর্বাঞ্চলে পরিকাঠামো: চ্যালেঞ্জ এবং সামনের পথ শীর্ষক এক" সেমিনার অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। তিনি বলেন, উত্তর পূর্বাঞ্চলকে উন্নতির শিখরে পৌঁছাতে কেন্দ্রীয় সরকার বিভিন্ন প্রকল্প গ্রহণ করছে। ত্রিপুরার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে কেন্দ্রীয় সরকার রাজ্যে আরো ৩টি নতুন জাতীয় সড়ক নির্মাণের

অনুমোদন দিয়েছে। সেমিনারে উপস্থিত ছিলেন ইন্ডিয়ান বিল্ডিং কংগ্রেসের সভাপতি চিন্ময় দেবনাথ, ইন্ডিয়ান বিল্ডিং কংগ্রেসের ত্রিপুরা শাখার চেয়ারম্যান এস এল ভৌমিক প্রমুখ।

*****************************

**State Road Safety Committee :**

সচিবালয়ে আজ রাজ্য সড়ক সুরক্ষা কমিটির বৈঠকে পরিবহণ দপ্তরের সচিব সি কে জমাতিয়া সড়ক সুরক্ষা বিষয়ে স্কুল, কলেজে জনসচেতনতামূলক কর্মসূচি গ্রহণের পাশাপাশি মহড়া আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেন। এক্ষেত্রে তিনি ট্রাফিক, অগ্নিনির্বাপক ও জরুরি পরিষেবা এবং পরিবহণ দপ্তরকে যৌথভাবে কাজ করার পরামর্শ দেন। বৈঠকে পরিবহণ দপ্তরের অতিরিক্ত সচিব সুব্রত চৌধুরী সড়ক সুরক্ষা বিষয়ে দপ্তরের কাজকর্মের সাফল্য, সড়ক দুর্ঘটনা রোধে গৃহীত প্রতিরোধমূলক পদক্ষেপ, ভবিষ্যত কর্মপরিকল্পনা ও নতুন উদ্যোগসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

**************************

**Smart City :**

স্মার্ট সিটি প্রকল্প নিয়ে আজ আগরতলায় একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত ও কর্পোরেটরগণ। আগরতলা পুর নিগম এলাকায় স্মার্ট সিটি প্রকল্পের বাস্তবায়ন নিয়ে মেয়র শ্রী মজুমদার বিস্তারিত বক্তব্য রাখেন। তিনি বলেন শহরকে পরিচ্ছন্ন রাখা, জলের অপচয় বন্ধ করা শুধুমাত্র সরকার বা পুর নিগমের দায়িত্বই নয়। পুর এলাকার নাগরিকদের এ ব্যাপারে সচেতন হতে হবে। তাহলেই স্মার্ট সিটি গড়ে তোলার স্বপ্ন বাস্তবায়িত করা যাবে।

****************************

**CPIM-Khowai :**

সি পি আই এম-এর দু'দিনব্যাপী ২৪তম খোয়াই বিভাগীয় সম্মেলন আজ থেকে শুরু হয়েছে। আজ বিকেলে সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য অঘোর দেববর্মা সম্মেলনের উদ্বোধন করেন। বিধায়ক নির্মল বিশ্বাস জানিয়েছেন, এই সম্মেলনের মধ্য দিয়ে নতুন মহকুমা কমিটি ও মহকুমা সম্পাদক মণ্ডলী গঠন করা হবে।

*****************************

**Congress :**

প্রদেশ কংগ্রেসের বিভিন্ন শাখা সংগঠনের এক বৈঠক আজ আগরতলায় অনুষ্ঠিত হয়। এই বৈঠকে সাংগঠনিক বিষয়ে আলোচনা করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা। চলতি মাসে জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস উদযাপনের প্রস্তুতি নিয়েও বৈঠকে আলোচনা হয়।

**************************

**TCPCR-Sepahijala :**

আজ সিপাহীজলা জেলা সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের সহায়তায়  ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে চড়িলাম অটল বিহারি বাজপেয়ী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে অনুষ্ঠিত হয় লিঙ্গ ভিত্তিক সহিংসতা প্রতিরোধ বিষয়ক এক সচেতনতামূলক কর্মশালা। উদ্বোধন করেন রাজ্য  শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। উল্লেখিত বিষয় ছাড়াও পক্স আইন ও বাল্য বিবাহ রোধ বিষয়ে আলোচনা করেন বক্তারা। জেলার অন্তর্গত বিভিন্ন থানার ও.সি, পুলিশ আধিকারিক ও আইনজীবীরা এই অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন।

**************************

**TB Eradication :**

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জেপি নাড্ডা আজ বলেছেন যে টিবি-মুক্ত ভারতের লক্ষ্য অর্জনে কোন সব ধরনের প্রচেষ্টা চালানো হবে। পঞ্চকুলা থেকে এক অনুষ্ঠানে দেশব্যাপী ১০০ দিনের যক্ষ্মা নির্মূল অভিযানের সূচনা করে তিনি বলেন যে টিবি নির্মূল কর্মসূচি ২০২৫ সালের মধ্যে দেশকে যক্ষ্মা মুক্ত করার ক্ষেত্রে একটি মাইলফলক হিসাবে প্রমাণিত হবে। তিনি বলেন যে টিবি রোগীরা আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার সুবিধা পাচ্ছেন। তিনি বলেন, টিবি রোগীদের প্রতি মাসে এক হাজার টাকা দেওয়া হচ্ছে। শ্রী নাড্ডা বলেন

##########Byte#########

*****************************

**T.B Campaign-Unakoti :**

"জন জন কা রাখে ধ্যান/টি,বি মুকত ভারত অভিযান" এই ভাবনায় টি.বি রোগ নিমূলীকরণের ১০০ দিনের প্রচার অভিযান আজ থেকে ঊনকোটি জেলাতেও শুরু হয়েছে। কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে প্রচারাভিযানের সূচনা করেন, পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। তিনি টি.বি মুক্ত সমাজ গঠনে সকলের সহযোগিতা কামনা করেন। বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, মহকুমা শাসক প্রদীপ সরকার, সি.এম.ও ডাঃ শীর্ষেন্দু চাকমা, জেলা টি.বি আধিকারিক ডাঃ সুভাষ বড়ুয়া প্রমুখ। এখানে টি.বি মুক্ত ভারত গঠনের অঙ্গীকার বাক্য পাঠ করানো হয়। তাছাড়া দু'জন টি.বি রোগিকে ফলের ঝুড়ি তুলে দেওয়া হয়। এই উপলক্ষ্যে টি.বি রোগ সচেতনতামূলক ভ্যান "নিক্ষয় বাহন" এর আনুষ্ঠানিক সূচনা করা হয়।

*************************

**100 day’s TB Campaign-Sepahijala :**

সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত আজ যক্ষা নির্মূলীকরন জাতীয় কর্মসূচির অঙ্গ হিসেবে সিপাহীজলা জেলাভিত্তিক ১০০ দিনের প্রচার কর্মসূচির সূচনা করেন। এ উপলক্ষ্যে বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে তিনি সিপাহীজলা জেলাকে সম্পূর্ণভাবে যক্ষা মুক্ত জেলাতে পরিণত করার লক্ষ্যে স্বাস্থ্য কর্মীদের যথাযথ দায়িত্ব নিয়ে কাজ করতে আহ্বান জানান। উপস্থিত ছিলেন জিলা পরিষদের সদস্যা সীমা ভৌমিক, জেলা স্বাস্থ্য আধিকারিক ডক্টর দেবাশীষ দাস, সোনামুড়া মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডক্টর রাজেশ দাস প্রমুখ। যক্ষা রোগীদের চিহ্নিতকরণের উদ্দেশ্যে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা, চিহ্নিত হলে অনুষ্ঠানে উপস্থিত সবাই যক্ষ্মা নির্মূলীকরণের শপথ বাক্য পাঠ করেন।

****************************

**VC Training Programme-South :**

ছাত্রছাত্রীরা কলেজে থেকে পাশ করে প্রতিযোগিতামূলক পরীক্ষায় সফল হয়ে যাতে স্বনির্ভর হতে পারে এই লক্ষ্যে বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে আয়োজিত ১৫ দিনব্যাপী বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মশালা আজ শেষ হয়েছে। কলেজের অধ্যক্ষ ডক্টর মনোরঞ্জন দাস জানান, ১৫ দিনের প্রশিক্ষণ কর্মশালায় কলেজের ৯৭ জন ছাত্রছাত্রী প্রশিক্ষণ নেয়।

******************************

**Protest-STGT :**

অতি শীঘ্রই ফলাফল প্রকাশ ও শিক্ষক পদে নিয়োগের দাবিতে আজ আগরতলায় সিটি সেন্টারের সামনে বিক্ষোভ প্রদর্শন করে এস টি জি টি চাকুরী প্রত্যাশীরা। তাদের অভিযোগ ২০২২ সালে এসটিজিটি পরীক্ষা নেওয়া হয়েছিল। পরীক্ষা দেওয়ার ২ বছর অতিক্রান্ত হয়ে গেলেও এখনো পর্যন্ত ফলাফল প্রকাশ করা হয় নি।

***************************

**Maitri Diwas :**

বাংলাদেশে ভারতীয় হাইকমিশন আজ ঢাকার ভারতীয় সাংস্কৃতিক কেন্দ্রে "মৈত্রী দিবস"-এর ৫৩তম বার্ষিকী উপলক্ষে একটি সংগীত সন্ধ্যার আয়োজন করে। বাংলাদেশের স্বাধীনতা অর্জনের দশ দিন আগে ১৯৭১ সালে ৬ ডিসেম্বর ভারত বাংলাদেশকে একটি স্বাধীন, সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়। অনুষ্ঠানে বক্তৃতাকালে, বাংলাদেশে ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা এই উপলক্ষটিকে একটি মাইলফলক এবং ভারত-বাংলাদেশ সম্পর্কের পথনির্দেশক অনুপ্রেরণার চিরন্তন উৎস হিসেবে বর্ণনা করেন। হাইকমিশনার বলেন, উভয় দেশেরই একে অপরের অগ্রগতি ও সমৃদ্ধিতে গভীর অংশীদারিত্ব রয়েছে। তিনি জনগণকে এই সম্পর্কের ভিত্তিপ্রস্তর হিসেবে বর্ণনা করেন। হাইকমিশনার বলেন, ভারত-বাংলাদেশ সম্পর্কের ভবিষ্যৎ রক্ষক হিসেবে তরুণদের ভূমিকা পালন করতে হবে। তিনি যোগাযোগ, সংস্কৃতি ও বাণিজ্যে আরও শক্তিশালী সংযোগের মাধ্যমে দুই দেশের মধ্যে বর্তমান আন্তঃনির্ভরতাকে আরও শক্তিশালী করার আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে বিশেষ করে বাংলাদেশের ছাত্র-ছাত্রী ও তরুণ-তরুণীরা উপস্থিত ছিলেন। যারা যোগ দিয়েছিলেন তাদের মধ্যে বাংলাদেশের কয়েকটি বিদেশী মিশনের প্রধান, বীর মুক্তিযোদ্ধা, সুশীল সমাজের সদস্য এবং শিল্প ও সংস্কৃতির ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিবর্গও ছিলেন।

**************************

**Khelo-Dharmanagar :**

ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ বি বি আই ময়দানে ৩৫দিনব্যাপী খেলো ধর্মনগর মেগা ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন। বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের আর্থিক সহায়তায়, ধর্মনগর পুর পরিষদ আয়োজিত

এই প্রতিযোগিতার উদ্বোধন করে ক্রীড়ামন্ত্রী বলেন, খেলাধুলা এখন শুধুমাত্র শারীরিক ও মানসিক বিকাশের মাধ্যম তা নয়, খেলাধুলা এখন পেশাও। ত্রিপুরা রাজ্য স্কুল স্পোর্টস বোর্ডের মাধ্যমে রাজ্যের খেলোয়াড়রা যারা গোল্ড মেডেল পাচ্ছেন তাদের রাজ্য সরকার ১ লক্ষ টাকা, সিলভার মেডেলের ক্ষেত্রে ৫০ হাজার টাকা এবং ব্রোঞ্জ মেডেল প্রাপকদের ২৫ হাজার টাকা করে আর্থিক সহায়তা প্রদান করছে। ২০২৩-২৪ অর্থবছরে ১০০ জন খেলোয়াড়কে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন বলেন, ধর্মনগরে একটি সুইমিং পুলও গড়ে তোলা হবে। উল্লেখ্য, 'খেলো ধর্মনগর' ক্রীড়া প্রতিযোগিতায় ক্রিকেট, কবাডি, ভলিবল, ব্যাডমিন্টন, টেবিল টেনিস, ক্যারাম, দাবা, যোগাসন, জুডো, ওয়েটলিফটিং, পাওয়ারলিফটিং, বডিবিল্ডিং, বাস্কেট বল সহ মোট ১৯টি ইভেন্ট রয়েছে।

**************************

**Cooch Behar Trophy :**

কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় মণিপুরের বিরুদ্ধে ত্রিপুরা সরাসরি জয়ের লক্ষ্যে এগিয়ে চলেছে। গুজরাটে অনুষ্ঠিত খেলার দ্বিতীয় দিনে আজ ব্যাট করতে নেমে রাজ্যদল ৮ উইকেটে ৩০৫ রান তুলে নিয়ে দ্বিতীয় ইনিংসের সমাপ্তির ঘোষনা দেয়। ৪৭০ রানে পিছিয়ে থেকে মণিপুর দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৩ উইকেট হারিয়ে ৫৫ রান করে। এরআগে রাজ্যদলের প্রথম ইনিংসের ২৫৪ রানের জবাবে মণিপুর প্রথম ইনিংসে মাত্র ৮৯ রান করেছিল।

***************************

**Football-ADC :**

স্ব-শাসিত জেলা পরিষদের ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ খুমুলুং স্টেডিয়ামে সুপারলিগ ফুটবল ম্যাচ শুরু হয়েছে। ম্যাচের উদ্বোধন করেন স্ব-শাসিত জেলা পরিষদের চেয়ারম্যান জগদীশ দেববর্মা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ক্রীড়া দপ্তরের নির্বাহী সদস্য সুহেল দেববর্মা। উদ্বোধকের ভাষণে এডিসির চেয়ারম্যান জগদীশ দেববর্মা বলেন, যুব সমাজকে প্রকৃত মানব সম্পদ হিসেবে গড়ে তোলাই এডিসি প্রশাসনের লক্ষ্য। আজকের ম্যাচে সিপাহীজলা টাইগার ও ওয়েস্ট বেকিং এর মধ্যে খেলায় ওয়েস্ট বেকিং এক গোলে জয়ী হয়।

******************************

**Vijay Merchant :**

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে বিহার প্রথম ইনিংসে লিড নিয়েছে। কটকে অনুষ্ঠিত খেলার দ্বিতীয় দিনে আজ ৯ উইকেটে ১৯০ রান থেকে ব্যাট করতে নেমে রাজ্যদল ১৯৩ রানে প্রথম ইনিংস শেষ করে। জবাবে খেলতে নেমে বিহার প্রথম ইনিংসে লিড নিয়ে দিনের শেষে ৮ উইকেট হারিয়ে ২২১ রান করে। আগামীকাল খেলার শেষ দিন।

****************************

**Weather :**

রাজ্যে শীত পড়তে শুরু করেছে। আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৪ ডিগ্রি সেলসিয়াস।

*****************************